গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন শাখা (সেবা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

বিষয় ঃ স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদ্‌যাপনের জন্য নৌপরিবহন মন্ত্রণালয় ও এর অধীন দপ্তর/সংস্থার বছরব্যাপী কর্মসূচি গ্রহণ সংক্রান্ত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী<br>সচিব<br>নৌপরিবহন মন্ত্রণালয়। |
| সভার তারিখ | ঃ | ২৩-০২-২০২১ |
| সময় | ঃ | সকাল ১০.৩০ টা। |
| স্থান | ঃ | নৌপরিবহন মন্ত্রণালয়ের সভা কক্ষ। |

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা ঃ পরিশিষ্ট 'ক'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে সভাপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানান। তিনি মহান মুক্তিযুদ্ধে সকল শহীদ বীরমুক্তিযোদ্ধার আত্মত্যাগ গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন। সভাপতি সকল বীর মুক্তিযোদ্ধার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন যারা মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেছেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদ্‌যাপনের নিমিত্ত মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ০৩-০১-২০২১ তারিখে অনুষ্ঠিত কমিটির সভার কার্যবিবরণী ও জাতীয় পর্যায়ে গৃহীত কর্মসূচি উপস্থাপন করেন। তিনি নৌপরিবহন মন্ত্রণালয় ও এর অধীন দপ্তর/সংস্থার বছরব্যাপী কর্মসূচি গ্রহণ এবং করণীয় সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি জানান যে, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে নৌপরিবহন মন্ত্রণালয় ও এর অধীন সকল দপ্তর/সংস্থাগুলো ২৬ মার্চ ২০২১ হতে ১৬ ডিসেম্বর ২০২১ পর্যন্ত উদ্‌যাপনের জন্য জাতীয় কর্মসূচির সাথে সঙ্গতি রেখে কর্মসূচি নিতে পারে। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সভার সিদ্ধান্ত মোতাবেক জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে নৌপরিবহন মন্ত্রণালয় ও দপ্তর সংস্থা কর্মসূচি পালন করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

০২। অত:পর দপ্তর/সংস্থার প্রতিনিধিগণ নিজ নিজ কর্মসূচি সম্পর্কে অবহিত করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

| ক্রমিক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | ২৬ মার্চ ২০২১ হতে ১৬ ডিসেম্বর ২০২১ পর্যন্ত সময়কালের জন্য কর্মসূচি প্রণয়ন | আগামী ২৬ মার্চ ২০২১ হতে ১৬ ডিসেম্বর ২০২১ পর্যন্ত সময়কালের জন্য কর্মসূচি প্রণয়ন করবে। | নৌপরিবহন মন্ত্রণালয় ও<br>সকল দপ্তর/সংস্থা |

(অঃ পৃঃ দ্রঃ)

| | | | |
|---|---|---|---|
| ২. | সমাধি চত্বর তৈরি ও স্মৃতিফলক নির্মাণ | স্বাধীনতা যুদ্ধের পর চট্টগ্রাম বন্দরের মাইন অপসারণে রাশিয়ান নৌবাহিনী কাজ করে। উক্ত কাজ করতে গিয়ে নৌবাহিনীর একজন সদস্য মৃত্যুবরণ করেন ও তাঁর সমাধি চট্টগ্রামে রয়েছে। উক্ত স্থানে সমাধি চত্বর তৈরি ও স্মৃতিফলক নির্মাণ করতে হবে। | চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ |
| ৩. | মুক্তিযুদ্ধ ভিত্তিক জাতীয় কুইজ/রচনা প্রতিযোগিতা/ সংগীত/নৃত্য/চিত্রাঙ্কন ইত্যাদি প্রতিযোগিতার আয়োজন। | মুক্তিযুদ্ধ ভিত্তিক কুইজ/রচনাপ্রতিযোগিতা/ সংগীত/নৃত্য/চিত্রাঙ্কন ইত্যাদি প্রতিযোগিতার আয়োজন ও প্রতিযোগীদের জন্য পুরস্কারের ব্যবস্থা করবে। | মোংলা বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ। |
| ৪. | মেলার আয়োজন | সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে মেলার আয়োজন করবে। নারায়নগঞ্জ বন্দর এলাকাতে এবং চাঁদপুর বন্দর এলাকায় স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে মেলার আয়োজন করবে। বেনাপোল বন্দরে মেলা আয়োজন করবে। | বিআইডব্লিউটিএ<br>বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ |
| ৫. | মুক্তির উৎসব পালনের উদ্যোগ গ্রহণ | নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানগুলোর ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে মুক্তির উৎসব পালনের উদ্যোগ গ্রহণ করবে। | মোংলা বন্দর কর্তৃপক্ষ,<br>মেরিন একাডেমি, এনএমআই |
| ৬. | মুক্তিযুদ্ধ কর্ণার স্থাপন | নৌপরিবহন মন্ত্রণালয় ও এর অধীন দপ্তর/সংস্থাগুলোর যেখানে মুক্তিযুদ্ধ কর্ণার নেই সেখানে মুক্তিযুদ্ধ কর্ণার স্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হবে এবং স্থাপিত মুক্তিযুদ্ধ কর্ণারগুলোর মান বৃদ্ধির পদক্ষেপ গ্রহণ করতে হবে। | নৌপরিবহন মন্ত্রণালয় ও<br>সকল দপ্তর/সংস্থা |
| ৭. | মন্ত্রণালয়ের লাইব্রেরীতে মুক্তিযুদ্ধ কর্ণার স্থাপন | নৌপরিবহন মন্ত্রণালয়ে নতুনভাবে স্থাপিত লাইব্রেরীতে মুক্তিযুদ্ধ কর্ণার স্থাপন করতে হবে। | নৌপরিবহন মন্ত্রণালয় |
| ৮. | সুবর্ণজয়ন্তীকে কেন্দ্র করে সকল প্রকার তথ্য চিত্র প্রকাশ এবং ডকুমেন্টেশনের এর সতর্কতা অবলম্বন | সুবর্ণজয়ন্তীকে কেন্দ্র করে সকল প্রকার তথ্য চিত্র প্রকাশ এবং ডকুমেন্টেশনের ক্ষেত্রে তথ্যের মান এবং সঠিকতার বিষয়ে সতর্কতা অবলম্বন করতে হবে। | নৌপরিবহন মন্ত্রণালয় ও<br>সকল দপ্তর/সংস্থা |
| ৯. | নৌ-যানসমূহকে সজ্জিতকরণ | বিআইডব্লিউটিসি এর আওতাধীন নৌ-যানসমূহকে সজ্জিতকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিআইডব্লিউটিসি |
| ১০. | ওয়েব সাইটে সুবর্ণজয়ন্তী কর্ণার স্থাপন | নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন সকল দপ্তর/সংস্থাগুলোর ওয়েব সাইটে সুবর্ণজয়ন্তী কর্ণার স্থাপন করবে। | সকল দপ্তর/সংস্থা |

(অ: পৃ: দ্র:)

| | | | |
|---|---|---|---|
| ১১. | টিভিসি নির্মাণ | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে টিভিসি নির্মাণ করবে এবং সেগুলো প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে। | বিআইডব্লিউটিএ |
| ১২. | সেমিনার আয়োজন ও সম্মাননা প্রদান। | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে জাতীয় নদী রক্ষা কমিশন বৃহৎ পরিসরে একটি সেমিনার আয়োজন করবে। অন্যান্য দপ্তর/সংস্থাও অনুরূপ সেমিনার/আলোচনা সভা আয়োজন করবে। সে সকল দপ্তর সংস্থার কর্মরত বীর মুক্তিযোদ্ধাদের এবং কর্মরত ছিলেন এমন বীর মুক্তিযোদ্ধার পরিবারকে আমন্ত্রণ জানানো হবে, তাঁদেরকে সম্মাননা প্রদান করা হবে। | জাতীয় নদী রক্ষা কমিশন ও অন্যান্য দপ্তর/সংস্থা |
| ১৩. | জাহাজে লাইট/লেজার শো'র ব্যবস্থা গ্রহণ | ১৫দিন ব্যাপী একটি জাহাজে লাইট/লেজার শো'র ব্যবস্থা করবে। | চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ |
| ১৪. | পরিচ্ছন্নতা অভিযান | স্কুল/কলেজ/অফিস প্রাঙ্গন পরিসরে পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করতে হবে। | সকল দপ্তর /সংস্থা |
| ১৫. | সুবর্ণজয়ন্তী সৌধ/মিনার/ কলাম নির্মাণ | মোংলা বন্দর কর্তৃপক্ষ সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে একটি সুদৃশ্য সৌধ নির্মাণ করবে। অনুরূপভাবে বিআইডব্লিউটিএ পরিচালিত ড্রেজার বেস-এ মিনার/কলাম নির্মাণ করবে। | মোংলা বন্দর কর্তৃপক্ষ বিআইডব্লিউটিএ |
| ১৬. | প্রস্তাবিত কর্মসূচি প্রেরণ | প্রস্তাবিত কর্মসূচি আগামী ২৮-০২-২০২১ তারিখ রবিবারের মধ্যে (ই-মেইল: js.admin@mos.gov.bd) মন্ত্রণালয়ে প্রেরণ করবে। | সকল দপ্তর /সংস্থা |

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন;

স্বাঃ
০১-০৩-২০২১ খ্রিঃ
(মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী)
সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়

নং-১৮.০০.০০০০.০১৬.২৩.০০৯.২১-১৭৭

তারিখঃ ১৭ ফাল্গুন, ১৪২৭ বঙ্গা:
০২ মার্চ, ২০২১খ্রি:

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। চেয়ারম্যান, জানরক/চবক/মোবক/পাবক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/বাস্থবক।
২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।

(অ: পৃ: দ্র:)

৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, গভীর সমুদ্র বন্দর সেল, ঢাকা।
৫। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম।
৬। উপসচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সকল)।
৭। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম।
৮। সিনিয়র সহকারী সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সকল)।
৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
১০। সহকারী সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সকল)।
১১। প্রোগ্রামার/সিস্টেম এনালিস্ট, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১২। হিসাবরক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
১৩। মাননীয় প্রতিমন্ত্রীর সহকারী একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
১৪। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সকল)।
১৫। ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সকল)।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। উপসচিব (প্রশাসন-১), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

২/৬/২০

মোঃ আলমগীর কবির
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
ফোন ঃ ৯৫১৫৫৫১
sas.admin1@mos.gov.bd